বিশুদ্ধ

আয়ুর্ব্বেদীয় তৈল, ঔষধ

পাইবার

বিশ্বাসযোগ্য প্রতিষ্ঠান

ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন

রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১৷৷০ টাকা। নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা, বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

৩২শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—২৩শে মাঘ বুধবার ১৩৫২ ইংরাজী 6th Feb. 1946 { ৩৬শ সংখ্যা

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম

সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৫৪ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি এম, ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷৷০, ছোট ১৸০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

"হিলিংবাম" ব্যবহারে আরোগ্য লাভের পর শরীরে বলাধান ও পুনরায় আক্রমণ প্রতিরোধের জন্য

স্বর্ণঘটিত সালসা স্যাঙো ব্যবহার করা একান্ত কর্ত্তব্য

"স্যাঙো" স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷৷০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং—ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা। টেলিগ্রাম—"হিলিং" কলিকাতা

## জীবনযাত্রার পাথেয়

জীবনযাত্রার অনিশ্চিতপথে জীবনবীমা মানুষের প্রধান পাথেয়।

আমাদের গৃহ-সংসার কত আশা উৎসাহ, কত শান্তির ও সুখের স্বপ্ন দিয়ে তৈরী। বাপ মায়ের সে স্বপ্ন বুঝি আজ রূঢ়-বাস্তবের আঘাতে ভেঙ্গে যায়। তাই নিজের জন্যও যেমন তাদের দুশ্চিন্তা, ছেলেমেয়ে ও আত্মীয় পরিজনের জন্যও তেমনি তাদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়। বর্ত্তমান দুর্দ্দিনে ও ভবিষ্যতের আর্থিক সঙ্কটে তারা কোন পাথেয় নিয়ে দাঁড়াবে?—

হিন্দুস্থানের বীমাপত্র সেই মূল্যবান পাথেয়—দুর্দ্দিনের সর্ব্বোত্তম আশ্রয়।

উপার্জ্জনশীল ব্যক্তিমাত্রেরই অবিলম্বে এই পাথেয় সংগ্রহ করা উচিত।

১৯৪৪ সালে নূতন বীমা ১০ কোটী টাকার উপর

### হিন্দুস্থান কো-অপারেটিভ্

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড্

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংসঃ কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২৩শে মাঘ বুধবার সন ১৩৫২ সাল

## আবার সেলস্ ট্যাক্স বৃদ্ধি

বাঙ্গালা সরকারের একটি প্রেস নোটে প্রকাশিত হইয়াছে যে, গভর্ণমেণ্ট ব্যবসা এবং বৃত্তির উপর যে কর ধার্য্য ছিল, তাহা উঠাইয়া দিতে এবং ১৯৪৬-৪৭ সালে বাজেটে প্রচুর পরিমাণে ঘাটতি পড়িবার সম্ভাবনা দেখিয়া সেলস্ ট্যাক্স ১৲ টাকায় তিন পয়সা হইতে এক আনা বৃদ্ধি করিতে সিদ্ধান্ত করেন। বাঙ্গালার গভর্ণর ইহা পাশ করিয়াছেন।

প্রেস নোটে প্রকাশ যে, যুদ্ধে ও দুর্ভিক্ষে বাঙ্গালা সর্ব্বভাবে ক্ষতিগ্রস্ত এবং ইহার পুনর্গঠনের জন্য প্রচুর অর্থের প্রয়োজন। বাঙ্গালা প্রদেশের বাজেট হইতেই সম্পূর্ণ ব্যয় বহন করিতে হইবে। সুতরাং ১৯৪৬-৪৭ সালে বাজেটে প্রচুর পরিমাণে ঘাটতি পড়া খুবই সম্ভব। এই ট্যাক্স বৃদ্ধির ফলে প্রতি বৎসর ৫০,০০,০০০ টাকা আয় বৃদ্ধি হইবে।

## পরলোকগমন

রঘুনাথগঞ্জের নিকটবর্ত্তী আহিরণ গ্রামের খ্যাতনামা ব্যবসায়ী ও বড় জোতদার স্বর্গীয় কৈলাসচন্দ্র দাস মহাশয়ের মধ্যম পুত্র ফণিভূষণ দাস মহাশয় গত ৩১শে জানুয়ারী বৃহস্পতিবার তাঁহাদের কলিকাতা বাসাবাটীতে পরলোকগমন করিয়াছেন। তিনি কয়েক মাস হইতে নানাবিধ জটিল রোগে ভুগিতেছিলেন। ফণী বাবু অধিকাংশ সময়ে কলিকাতায় থাকিয়া সেখানে তাঁহাদের তেলকলের কার্য্য পরিচালনা করিতেন। তিনি আহিরণ এম-ই, স্কুলের সেক্রেটারী ও নানাবিধ জনহিতকর প্রতিষ্ঠানের সহিত জড়িত ছিলেন। তাঁহার মৃত্যুতে সাধারণে একজন একনিষ্ঠ কর্ম্মীর অভাব অনুভব করিবে। ফণী বাবুর বৃদ্ধা মাতাকে সান্ত্বনা দিবার ভাষা আমাদের নাই। আমরা তাঁহার শোকসন্তপ্ত পরিজনবর্গের শোকে সমবেদনা প্রকাশ করিয়া পরলোকগত আত্মার কল্যাণ কামনা করিতেছি।

### বাণী চরণে

# হতাশের প্রার্থনা




## বিদ্যা ফিরে নে জননী তোর!

( ১ )

বিদ্যারম্ভ হ'ল যবে মোর,
হাতে খড়ি দিল গুরু ম'শাই।
তুই মা জননী, বিদ্যাদায়িনী,
তোর পূজা আমি করি মা তাই।

( ২ )

তোরই কৃপায় যশের সহিতে,
চারিখানি পাশ পাইনু বেশ;
ঘরে এসে দেখি আমারে পড়া'তে
বিষয় বিভব হয়েছে শে[illegible]।

( ৩ )

ছ'মাস না যেতে দেনা ভেবে ভেবে,
পরলোকগত পিতৃদেব ;
এ দিকে যে আমি বিদ্যার চোটে
হইয়া পড়েছি হাফ-সাহেব।

( ৪ )

দেনা করে টাকা পাঠাতেন বাবা—
তাহাতে কিনেছি বিলাতী বুট ;
জমি বেচে বাবা পাঠাতেন টাকা
তাহাতে খেয়েছি চা, বিস্কুট।

( ৫ )

দেনা দেখে আমি করি নাই ভয়,
মনে মনে মোর ছিল এ বোধ—
ছ'টী মাস যদি হাকিমী করি ত
সকল দেনাই করিব শোধ।

( ৬ )

খোসামোদ করি ঘুরিয়া ঘুরিয়া
হাকিমীর নেশা ছুটিল মোর,
পাশ করিলেই হয় না হাকিম,
চাই এতে সুপারিশের জোর।

( ৭ )

হিতাকাঙ্ক্ষী যত আত্মীয় স্বজন,
যুক্তি সকলে দিল আমায়—
পুলিশে ঢুকিলে হইবে আমার—
হাকিমীর চেয়ে অধিক আয়।

( ৮ )

এম, এ, পাশ করি দারোগা হইব !
অদৃষ্টের ফের বাপ্‌রে বাপ !
আমি হ'নু রাজি, বিধাতা তো নয়,
দু' ইঞ্চি কম বুকের মাপ।

( ৯ )

দিন দিন দিন আয়ু হ'ল ক্ষীণ—
বয়স পঁচিশ গত যে প্রায় !
সরকারী পোষ্ট আজ না পাইলে
জীবনে কি আর মিলিবে হায় ?

( ১০ )

বিদ্যার গরম হইল ঠাণ্ডা,
ভাঙ্গিল আমার দাঁতের বিষ—
পঁচিশ মুদ্রা ভাতা নিয়ে হ'নু
কেরাণীগিরির এপ্রেন্টিস্।

( ১১ )

কিছুদিন পরে হইনু বাহাল
বেতন হইল পঞ্চাশৎ।
(i) আইএর ফুটকি (t) টীর মাথা কাটা
ভুল হইলেই কৈফিয়ৎ।

( ১২ )

আপিশের যিনি বড় বাবু মোর,
দু'বেলা তাঁহারে মাথাই তেল।
তবু ভুল পেলে দেন টিটকারী—
'এম, এ, পাশ ক'রে এই আক্কেল ?'

( ১৩ )

সারাটী পৃথিবী দেখি অন্ধকার
সাহেব যখন করেন রাগ।
গোটা দুই টাকা উপড়ি পাইলে
ভাবি আমি আজ মেরেছি বাঘ।

( ১৪ )

নয়টা বাজিতে আপিশেতে ছুটি,
পেটে দিয়ে ছাই ভস্মটা,
চাবুকের চোটে ছু'টে চলে যথা
ছ্যাকড়া গাড়ীর অশ্বটা।

( ১৫ )

স্বাস্থ্য আমার গিয়াছে ভাঙ্গিয়া
হজম হয় না মুগের জুস্।
হজম হয় শুধু সাহেবের তাড়া,
আর টাকা সিকে যা' পাই ঘুস্।

( ১৬ )

চোর লুটে রেতে আমি লুটি দিনে
মোর চেয়ে ভাল ডাকাত চোর।
স্বাস্থ্য সারল্য ফিরে দে আমার
বিদ্যা ফিরে নে জননী তোর !

# নোটিশ

এতদ্দ্বারা মুর্শিদাবাদ জেলার অধিবাসিবৃন্দকে অনুরোধ করা যাইতেছে যে যেহেতু অত্র জেলার কয়েকটি থানায় বসন্তব্যাধির প্রাদুর্ভাব হইয়াছে, সেই হেতু তাঁহারা যেন পূর্ব্বাহ্ণে বসন্তব্যাধির প্রতিষেধক টিকা লইয়া সাবধানতা অবলম্বন করেন। কোন গ্রামে বসন্ত হইলেই কেহ সত্বর সেই এলাকার স্যানিটারী ইন্সপেক্টর অফিসে সংবাদটী প্রদান করিলেই টিকা দেওয়ার সুব্যবস্থা করা হইবে ; এবং যাহাতে আবালবৃদ্ধবণিতা টিকা লয়েন, তাহার ব্যবস্থা এবং সাহায্য করেন। এই কার্য্যের জন্য অত্র জেলা বোর্ড এবং সরকার বাহাদুর প্রভূত পরিমাণে টিকার বীজ ও টিকাদার দিয়াছেন।

স্বাঃ বি, জি, দাস
ডিষ্ট্রীক্ট হেল্‌থ্‌ অফিসার, মুর্শিদাবাদ

## প্রেরিত পত্র

মাননীয় শ্রীযুক্ত জঙ্গিপুর সংবাদের সম্পাদক মহাশয়
সমীপেষু

মহাশয়,

আপনার সংবাদপত্রে জনসাধারণের হিত ও সুবিধার্থে আমার নিম্নলিখিত সংবাদটি প্রকাশ করিয়া অনুগৃহীত ও বাধিত করিবেন।

রঘুনাথগঞ্জ মিত্রপুর ডিষ্ট্রীক্ট বোর্ডের রাস্তার মধ্যে মুর্শিদাবাদ এলাকায় কয়েকটী সাঁকো (ক্যালভার্ট) আছে। তন্মধ্যে বাড়ালা গ্রামের পশ্চিমে যে সাঁকোটী আছে সেটি সব চেয়ে বড় ও উচু। কয়েক মাস হইতে সাকোটী সামান্য ভাঙ্গিয়াছিল ; কোনরকমে গাড়ী, মানুষ যাতায়াত করিতেছিল। বর্ত্তমানে সাঁকোটী এরূপভাবে ভাঙ্গিয়া গিয়াছে যে, তাহার উপর দিয়া গাড়ী তো মোটেই চলে না, মানুষের যাতায়াতও অসম্ভব হইয়া পড়িয়াছে। এই রাস্তা দিয়া দিবারাত্র বহু লোক ও গাড়ী যাতায়াত করিয়া থাকে। সাঁকোটী ভাঙ্গিয়া যাওয়ায় সাধারণের এরূপ অসুবিধা হইয়াছে যে তাহা ভাষায় ব্যক্ত করা অসম্ভব। বাড়ালার পরবর্ত্তী গ্রাম নাইতের নিকট আর একটি সাঁকোর একই অবস্থা। কর্ত্তৃপক্ষের নিকট বিনীত নিবেদন অবিলম্বে এই সাঁকো দুইটী মেরামত করাইবেন অন্যথায় কোন অজানা লোক রাত্রের অন্ধকারে এইখানে প্রাণ হারাইবে। নিবেদন ইতি—সন ১৩৫২, ১৮ই মাঘ

বিনীত—শ্রীহরিহর সান্যাল, বাইন্দ্যা

( পর পৃষ্ঠায় দেখুন )।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৮ই ফেব্রুয়ারী ১৯৪৬

১৯৪৫ সালের ডিক্রীজারী

৫১১ থাং ডিঃ পাঁচুগোপাল রায় দিং দেং হরেন্দ্রকুমার সরকার দিং দাবি ৮৯৷৶০ থানা সাগরদীঘি মৌজে যোগপুর ৩-৬৫ শতকের কাত ১৪/০ আঃ ৫০৲ থং ৪৩৬

৬৫৩ থাং ডিঃ জ্ঞানকুমারী চৌধুরাণী দেং সীতানাথ দাস দিং দাবি ১১৯৫৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে গিরিয়া ৬-৮০ শতকের কাত ১৮৷/৮ আঃ ২৫৲ থং ১০১৭

৭২০ থাং ডিঃ সেবাইত কুমারকৃষ্ণ ঘোষ দিং দেং মহম্মদ হোসেন বিশ্বাস দিং দাবি ১৩১৷৩ থানা সমসেরগঞ্জ মৌজে ভাসাইপাইকর ৪০৩৮ শতকের কাত ১৮৶/৮ আঃ ২৫৲ থং ৫১৪

৭২১ থাং ডিঃ ঐ দেং ইয়াতুল বিশ্বাস দিং দাবি ৬২৫৬ মৌজাদি ঐ ১-৪৫ শতকের কাত ৭৶৩ আঃ ২০৲ থং ৭৯ রায়ত স্থিতিবান

৭২২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৭৪৷/৩ মৌজাদি ঐ ২-১৬ শতকের কাত ৯৷/৬ আঃ ২৫৲ থং ৮৫ ঐ স্বত্ব

৭২৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৪৻৬ থানা ঐ মৌজে অন্তদ্বীপা ৪৫ শতকের কাত ১৷৵০ আঃ ১০৲ থং ৮৪

৭২৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৫৻৩ থানা ঐ মৌজে দোগাছী ৪৭ শতকের কাত ২৻৯ আঃ ১০৲ থং ২৩০

৭২৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৫৪৷/৩ মৌজাদি ঐ ১-৬৬ শতকের কাত ৫৷৫ আঃ ২০৲ থং ২৩১


৭২৭ থাং ডিঃ সেবাইত রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং জমসের সেখ দিং দাবি ৪৬৷৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে গাদি ২-৫৪ শতকের কাত ১১৷৵০ আঃ ৩০৲ থং ১৫

৭২৮ থাং ডিঃ ঐ দেং ফজর সেখ দিং দাবি ১৪৫/৯ মৌজাদি ঐ ১-৯ শতকের কাত ২৷/৯ আঃ ১০৲ থং ১৯

৭২৯ থাং ডিঃ ঐ দেং রওসুদ্দিন সেখ দাবি ১১৷৯ মৌজাদি ঐ ১৫ শতকের কাত ১৷৶৩ আঃ ৫৲ থং ৯০

৬৭৮ থাং ডিঃ অমিয়কুমার ঘোষ মজুমদার দিং দেং হেমচন্দ্র মিত্র দিং দাবি ২৪৵৯ থানা সাগরদীঘি মৌজে কিসমত নিস্পীবিরোল ৩-৩৫ শতকের কাত ১৩৷১৮ আঃ ১০৲ থং ১৪৮

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত




দি ওয়ার্ম ইণ্ডিকা (আমেরিকায় পরীক্ষিত)

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পূঁজ আরোগ্য হয়

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ